

## REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:08-07-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রুশ ও অস্ট্রিয়ার তিনদিন ব্যাপী আধিকারিক স্তরের সফরে রওনা হবেন । সফরের প্রথম পর্বে তিনি ২২ তম ভারত-রুশ বার্ষিক শিখর সম্মেলনে অংশ নেওয়ার জন্য মস্কো যাবেন । প্রধানমন্ত্রী ও রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের মধ্যে প্রতিরক্ষা বিনিয়োগ শক্তি সহযোগ ও সংস্কৃতি বিভিন্ন ক্ষেত্রে দুই দেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধির জন্য দ্বিপাক্ষিক আলোচনা হবার কথা রয়েছে । আগামীকাল প্রধানমন্ত্রী রাশিয়ার ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে মিলিত হবেন । আগামী ৯ তারিখে প্রধানমন্ত্রী অস্ট্রিয়া যাবেন । গত ৪১ বছরের মধ্যে এটিই হবে কোনো ভারতীয় প্রধানমন্ত্রীর প্রথম অস্ট্রিয়া সফর।

\*\*\*\*\*

**CM Blood Donation:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রক্তের স্বল্পতা মেটাতে চিকিৎসকরা শুধুমাত্র অন্যদের রক্তদান করার জন্য উৎসাহিত করেন না, নিজেরাও রক্তদানে এগিয়ে আসেন। যা সমাজের জন্য একটা ইতিবাচক দিক। জাতীয় চিকিৎসক দিবস উপলক্ষে গতকাল ইন্ডিয়ান মেডিকেল এসোসিয়েশন ত্রিপুরা শাখার উদ্যোগে আইএমএ হাউজে আয়োজিত এক স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী। তিনি রোগীদের

স্বার্থে সময়ের বাইরে গিয়েও সেবামূলক মানসিকতা নিয়ে কাজ করার জন্য চিকিৎসকদের প্রতি আহ্বান জানান। শিবিরে উপস্থিত ছিলেন ইন্ডিয়ান মেডিকেল এসোসিয়েশন ত্রিপুরা শাখার সভাপতি ডঃ সঞ্জীব দেববর্মা, সম্পাদক ডঃ বাসব ঘোষ প্রমুখ। অনুষ্ঠানে আই এম এ হাউজ চত্বরে বৃক্ষরোপণ করেন মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিরা। এদিনের শিবিরে ২৯ জন রক্তদাতা রক্তদানে সামিল হন।

\*\*\*\*\*

### **Kedney transplantation:**

মুখ্যমন্ত্রী প্রফেসর মানিক সাহা গতকাল জিবি পন্থ হাসপাতাল পরিদর্শন করেন। জিবি হাসপাতালে আজ প্রথমবারের মত কিডনী প্রতিস্থাপন করা হয়েছে। এই উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী হাসপাতাল পরিদর্শনে যান এবং এই কাজের সঙ্গে যুক্ত কিডনী দাতা ও গ্রহীতা সহ সকলের সাথে কথা বলেন। ডাক্তার ও অন্যান্য আধিকারিকদের সঙ্গেও তাঁর কথা হয়। মুখ্যমন্ত্রী সকলকে তাঁর শুভকামনা জানান। প্রসঙ্গত উল্লেখ্য মুখ্যমন্ত্রী প্রফেসর ডাক্তার মানিক সাহা নিজেই রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী।

\*\*\*\*\*

### **NEET:**

NEET UG পরীক্ষায় অনিয়মের মামলায় আজ সুপ্রীম কোর্টে শুনানী হবে। প্রশ্ন ফাঁসের বিষয় নিয়ে তদন্ত করছে CBI। এদিকে ন্যাশনাল টেস্টিং এজেন্সি জানিয়েছে অনিয়মের বিষয়টি অল্প জায়গায় সীমাবদ্ধ। ফলে পরীক্ষা বাতিল করার সিদ্ধান্ত সঠিক হবেনা। আজ এ বিষয়ে ২৬ টি মামলার শুনানী হবে।

\*\*\*\*\*

### **Immoral Trafficking :**

ধৰ্মনগর এবং চুরাইবাড়িতে ২৩ জন অবৈধ প্রবেশকৃত বিদেশি নাগরিকের পাচারের সাথে যুক্ত ঊনকোটি জেলার মাগুররুলী গ্রাম পঞ্চায়েতের গোবিন্দপুর এলাকার শুকুর আলীকে গতকাল রাতে গ্রেফতার করেছে উত্তর জেলার পুলিশ। আজ তাকে জিজ্ঞাসাবাদের জন্য আদালতে পেশ করা হবে বলে জানিয়েছেন উত্তর জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী।

\*\*\*\*\*

### **Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, নিয়মিত খেলাধুলা করলে মানসিক শক্তি বৃদ্ধি পায়। পাশাপাশি আত্মবিশ্বাস গড়ে তুলতে সাহায্য করে। রাজ্যপাল গতকাল আসাম রাইফেলস পাবলিক স্কুলে আয়োজিত জাতীয় জেনডুকাই ক্যারাটে প্রতিযোগিতার সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। উপস্থিত ছিলেন আসাম রাইফেলসের ব্রিগেডিয়ার মনিষ রানা, পদ্মশ্রী দীপা কর্মকার সহ অন্যরা। প্রতিযোগিতায় ১০ টি রাজ্য অংশ নিয়েছিল। মনিপুর প্রথম, মেঘালয় দ্বিতীয় এবং ত্রিপুরা তৃতীয় স্থান অধিকার করেছে।

\*\*\*\*\*

### **Weather-Uttarakhand :**

উত্তরাখন্ডের গাড়োয়াল ও কুমায়ুন অঞ্চলের বেশ কয়েকটি জেলায় অতি ভারী বৃষ্টির জন্য লাল সতর্কতা জারি করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে চারধাম যাত্রা স্থগিত রাখা হয়েছে।

গাড়োয়ালের কমিশনার বি. এস পাল্ডে তীর্থযাত্রীদের ঋষিকেশ থেকে তাদের যাত্রা শুরু না করার পরামর্শ দিয়েছেন, আর যারা ইতিমধ্যে তীর্থস্থানে পৌঁছে গেছেন তাদেরকে ভারী বৃষ্টিপাতের দরুন সেখানে থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

এদিকে, আসামে গতকালের বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। তবে IMD লোয়ার আসামের ও বরাক উপত্যকার কিছু জায়গায় ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। আসামে দ্বিতীয় দফার বন্যায় প্রায় ২৪ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রায় ২৬৯ টি ত্রান শিবিরে ৫৩ হাজারেরও বেশি গৃহহীন মানুষ আশ্রয় নিয়েছেন। জাতীয় ও রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী ও অন্যান্য সংস্থা ত্রান ও উদ্ধার কার্য চালিয়ে যাচ্ছে।

\*\*\*\*\*

### সংবর্ধনা আরাধ্যা :

মনোজ্ঞ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্যের সোনার মেয়ে দাবাড়ু আরাধ্যা দাসকে গতকাল সংবর্ধনা দিল ত্রিপুরা বডি বিল্ডার্স এন্ড ফিটনেস সংস্থা। পাশাপাশি সংবর্ধনা দেয়া হয়েছে আরাধ্যার চেস একাডেমি মেট্রিক্স'কে। ত্রিপুরা বডি বিল্ডার্স এন্ড ফিটনেস এসোসিয়েশনের উদ্যোগে আগরতলা প্রেসক্লাবের কনফারেন্স হলে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে তাঁদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। মানপত্র, চারা গাছ এবং চকলেট তুলে দেয়া হয় আরাধ্যাকে।

\*\*\*\*\*

### Weather :

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ প্রধানত মেঘলা থাকবে। রাজ্যে কয়েকটি জায়গায় হালকা থেকে মাঝারি দু এক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস থাকতে পারে। সকালের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস। বৃষ্টিপাতের পরিমান ৩.৩ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*